

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে খাবার খেয়েছিলেন, সেটা মেষের গোসত ছিল; উটের গোসত নয়-এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أَكْلَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا وَصَفْنَاهُ كَانَ ذَلِكَ مِنْ لَحْمِ شَاةٍ لَا مِنْ لَحْم جَزُورِ

আরবী

1135 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ عَنْ جَابِرٍ أَنَّ النَّبِيَّ صَلَّى وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ: فَبَسَطَتْ لَهُ عِنْدَ ظِلِّ صَوْرٍ ورشَّتْ بِالْمَاءِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى امْرَأَةً مِنَ الْأَنْصَارِ قَالَ: فَبَسَطَتْ لَهُ عِنْدَ ظِلِّ صَوْرٍ ورشَّتْ بِالْمَاءِ حَوْلَهُ وَذَبَحَتْ شَاةً فَأَكَلَ وَأَكَلْنَا مَعَهُ ثُمَّ قَالَ تَحْتَ الصَّوْرِ فَلَمَّا اسْتَيْقَظَ تَوَضَّا أَثُمَّ صَلَّى الظُّهْرَ فَقَالَتِ الْمَرْأَةُ: يَا رَسُولَ اللَّهِ فَضَلَتْ عِنْدَنَا فَضْلَةٌ مِنْ طَعَامٍ فَهَلْ لَكَ فِيهَا؟ قَالَ: (نَعُمْ) فَأَكُلَ وَأَكَلْنَا معه ثم صلى قبل أن يتوضاً.

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1135 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৩৫. জাবির জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনসারী এক নারীর বাড়িতে আসেন। রাবী বলেন, "অতঃপর সেই নারী কয়েকটি খেজুর গাছের নিচে তাঁর জন্য বিছানা বিছিয়ে দেন, তার চতুম্পার্শ্বে পানি ছিটিয়ে দেন এবং তাঁর জন্য একটি মেষ জবাই করেন। অতঃপর তিনি খান আমরাও তাঁর সাথে খাই। তারপর তিনি খেজুর গাছগুলোর নিচে কাওলূলাহ (বিশ্রাম) করেন। অতঃপর যখন তিনি সজাগ হন, তখন তিনি ওয়ু করেন তারপর যোহরের সালাত আদায় করেন। তখন সেই নারী বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের কাছে আরো কিছু খাবার উদ্বৃত্ত আছে, আপনি তা খাবেন কি?" জবাবে তিনি বলেন, "হোঁ, (নিয়ে আসুন)।" তারপর তিনি খান আমরাও তাঁর সাথে খাই। তারপর (নতুন



করে) ওযু করার আগেই সালাত আদায় করেন।"[1]

ফুটনোট

[1] আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৩৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন